তারিখ ... ২২/৪/৭৪ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...



দৈনিক বাংলা

# চাকরিতে পুনরায় কোটা পদ্ধতি চালু করার দাবী

ঢাকায় বসবাসরত উত্তরাঞ্চলীয় জেলাগুলোর অধিবাসীদের এক সভায় বিভিন্ন সরকারী ও স্বায়ত্ত-শাসিত সংস্থায় চাকরিতে নিয়োগের ক্ষেত্রে কোটা পদ্ধতি পুনরায় চালু করার দাবী জানান হয়েছে।

বাসস র খবরে প্রকাশ, রোববার অধুনালুপ্ত মর্নিং নিউজের সম্পাদক জনাব শামসুল হুদার সভাপতিত্বে এই সভায় বলা হয়, কোটা পদ্ধতি পুনরায় চালু করা না হলে দেশের বিভিন্ন অঞ্চলের মধ্যে বৈষম্য বাড়বে। তাছাড়া এতে করে উত্তরাঞ্চলীয় জেলাগুলোর জনসাধারণও তাদের অধিকার থেকে বঞ্চিত হবেন। বৈঠকে উত্তরাঞ্চলে সুপ্রীম কোর্টের একটি বেঞ্চ স্থাপন এবং কারমাইকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করারও আহ্বান জানান হয়।

জনশক্তিতে পরিণত হতে পারে সামাজিক চাহিদা এবং স্থানীয় জীবন যাত্রাও অর্থনৈতিক কর্মধারা অনুযায়ী এই পর্যায়ে বিভিন্ন বৃত্তিমূলক পাঠক্রম চালু করা প্রয়োজন। বৃত্তিমূলক শিক্ষা যুব সম্প্রদায়কে কর্মমুখী করে গড়ে তোলার কাজে অত্যন্ত সহায়ক। শিক্ষার্থীরা স্থানীয় চাহিদা ও স্ব স্ব প্রবণতা অনুযায়ী শিক্ষা লাভ করে দক্ষ কর্মী হিসেবে গড়ে উঠতে সক্ষম হবে। এভাবে বর্তমানে প্রচলিত মাধ্যমিক স্তরের প্রায় একক শিক্ষাধারাকে বহুমুখী গতিপথে পরিচালিত করতে পারলে শিক্ষার সার্বিক ক্ষেত্র নিঃসন্দেহে সমৃদ্ধ হবে।

তাছাড়া, আমাদের শিক্ষা ব্যবস্থায় বর্তমানে এমন পাঠক্রমই চালু রয়েছে যা আয়ত্ত করার সাথে সাথে শিক্ষার্থীরা শ্রমবিমুখ হয়ে পড়ে—কায়িক শ্রমকে ঘৃণা করতে আরম্ভ করে। তাই শিক্ষা কমিশনের সঙ্গে আমাদেরও প্রস্তাব—শিক্ষাক্রমের মধ্যে অনতিবিলম্বে এমন বিষয়াদি অন্তর্ভুক্ত করতে হবে যাতে শিক্ষার্থীর মনে কায়িক শ্রমের প্রতি মর্যাদা ও শ্রদ্ধাবোধ জাগ্রত হয়।

উপসংহারে পুনরায় উল্লেখ করা যায় যে জাতীয় লক্ষ্য ও আদর্শের সঙ্গে সঙ্গতি রেখে সামাজিক ও সাংস্কৃতিক জীবনে বাঞ্ছিত পরিবর্তন সাধনে পাঠক্রম এক অতি শক্তিশালী হাতিয়ার। যথার্থই বলা হয়ে থাকে হি হু কন্ট্রোলস দি কারিকুলাম, কনট্রোলস দি হোল ন্যাশন। অর্থাৎ যিনি পাঠক্রম নিয়ন্ত্রণ করেন তিনি প্রকৃত পক্ষে সমগ্র জাতিকেই নিয়ন্ত্রণ করে থাকেন। কাজেই পাঠক্রমের প্রয়োজনীয় পরিবর্তন সাধন করে আমরা আমাদের ভবিষ্যৎ বংশধরদের সমৃদ্ধ দেশের দক্ষ ও উৎপাদনক্ষম নাগরিক হিসেবে গড়ে তুলতে পারি। সম্পদের সীমাবদ্ধতা—এ কাজে আমাদের প্রতিবন্ধক হয়ে দাঁড়াতে পারে। কিন্তু আমরা বিশ্বাস করি সদিচ্ছা ও সততা এবং আন্তরিকতা ও সংকল্পে দৃঢ়তা থাকলে সব বাধার প্রাচীর অপসারিত হতে বাধ্য।